




ISO 9001:2015 Certified



বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১
Bogra Palli Bidyut Samity-1
ছিলিমপুর, বগুড়া।



টেলিফোনঃ ০৫১-৬৩৫৮৩(pabx), ০৫১-৬২২৪৩, অফিস এক্স-১০২/বাসা-১০৩, ফ্যাক্স:৬১১০৮ E-mail:bograpbs1@gmail.com

স্মারক নং-২৭.১২.১০২০.৫২৫.০২.০০৮.২০২১. ৩৬৪১

তারিখঃ ০৬ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ
২১ আগষ্ট ২০২১ খ্রিঃ

বিষয়ঃ আইন উপদেষ্টা পদে (চুক্তিভিত্তিক) নিয়োগ বিজ্ঞপ্তি।

বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর মোকদ্দমা পরিচালনা, আইনগত পরামর্শ ও সহায়তা গ্রহণের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে চুক্তিভিত্তিক ০১ (এক) জন আইন উপদেষ্টা নিয়োগের লক্ষ্যে আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

শর্তাবলীঃ

- ০১। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ০২। যারা জেলা/উপজেলা কোর্ট/সহকারী জজ কোর্টে কমপক্ষে ০৮ (আট) বৎসর যাবৎ আইন ব্যবসায় নিয়োজিত আছেন এবং অবসর প্রাপ্ত জুডিশিয়াল জজ যারা আইন ব্যবসায় জেলা পর্যায়ে (শুধুমাত্র বগুড়া জেলা) এবং অত্র পবিস'র আওতাধীন উপজেলাসমূহ (বগুড়া সদর, দুপচাঁচিয়া, কাহালু, শিবগঞ্জ, নন্দীগ্রাম) নিয়োজিত আছেন কেবল তারাই আবেদন করতে পারবেন।
- ০৩। বার কাউন্সিলের এনরোলমেন্ট সার্টিফিকেট Degree in Law ও অন্যান্য সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট, নাগরিকত্ব সনদ এবং জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি ও সাম্প্রতিক তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ০৪। আইন উপদেষ্টা হিসেবে ০৩ (তিন) বৎসরের জন্য চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। নিয়োগ প্রাপ্তির পর চুক্তিকালীন উভয় পক্ষ কমপক্ষে ৩০ (ত্রিশ) দিনের অগ্রীম নোটিশের মাধ্যমে চুক্তি বাতিল করতে পারবেন।
- ০৫। রিটেইনার ফি প্রতিমাসে ৫০০০/- টাকা সহ নিম্ন আদালত, হাইকোর্ট, সুপ্রীম কোর্টে মামলা পরিচালনার জন্য পবিস নির্দেশিকা ৩০০-৫০ অনুযায়ী নির্ধারিত হারে ফি প্রদানকরা হবে।
- ০৬। অন্য কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে আইন উপদেষ্টা হিসেবে নিয়োজিত থাকলে তাদের আবেদন করার প্রয়োজন নেই।
- ০৭। নিম্নবর্ণিত ছক আকারে প্রার্থীগণকে আবেদন করতে হবে:
 - (ক) (১) আবেদনকারীর নাম (স্পষ্টাক্ষরে) হবে:
 - (২) পিতার নাম; (৩) মাতার নাম; (৪) স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে):
 - (৫) জন্ম তারিখ, (৬) শিক্ষাগত যোগ্যতা
 - (খ) বর্তমান ঠিকানা:
 - (গ) স্থায়ী ঠিকানা:
 - (ঙ) আইন পেশায় নিয়োজিত কাল:
 - (১) সহকারী জজ/ উপজেলা কোর্ট; (২) জজ কোর্ট;
 - (৩) হাইকোর্ট ডিভিশন/সুপ্রীম কোর্ট এর এ্যাপিলেট ডিভিশন;
 - (চ) আইন উপদেষ্টা পদে পূর্ব অভিজ্ঞতা;
 - (ছ) সরকারী/আধা সরকারী/স্বায়ত্তশাসিত অথবা অন্যান্য প্রতিষ্ঠানে বর্তমানে আইন উপদেষ্টা হিসেবে নিয়োজিত থাকলে তার বিস্তারিত বিবরণ;
- ০৮। নিয়োগ সংক্রান্ত বিষয়ে যে কোন সমস্যার উদ্ভব হলে বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। উল্লিখিত যোগ্যতা সম্পন্ন ও শর্ত প্রতিপালনে ইচ্ছুক আইনজীবীগণকে আগামী ০৯/০৯/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে ব্যক্তিগতভাবে বা ডাকযোগে নিম্নস্বাক্ষরকারীর বরাবর অফিস চলাকালীন সময়ে আবেদনপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো। অসম্পূর্ণ বা নির্ধারিত তারিখের পর কোন আবেদন বিবেচনা করা হবে না।

মোঃ মনির উদ্দিন মজুমদার
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডের মাধ্যমে বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

- ০১। জেলা প্রশাসক, বগুড়া।
- ০২। পুলিশ সুপার, বগুড়া।
- ০৩। সচিব, বাপবিবোর্ড, ঢাকা।
- ০৪। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃঅঃ)/ লিগ্যাল এ্যাফায়ার্স পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার-----পবিস-১/২/৩/৪।
- ০৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, বগুড়া সদর/দুপচাঁচিয়া/কাহালু/ শিবগঞ্জ/ নন্দীগ্রাম।
- ০৭। সভাপতি, বগুড়া জেলা বার সমিতি, বগুড়া।
- ০৮। ডিজিএম, (কোরিগরি- সদর/মোকামতলা/কাহালু/দুপচাঁচিয়া/নন্দীগ্রাম), জোনাল অফিস, বগুড়া পবিস-১।
- ০৯। এজিএম- পীরব সাব-জোনাল অফিস, বগুড়া পবিস-১।
- ১০। এজিএম প্রেশাসন/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/ইএন্ডসি/ওএন্ডএম/সদস্য-সেবা), বগুড়া পবিস-১।
- ১১। নোটিশ বোর্ড/ওয়েব সাইট, বগুড়া পবিস-১।
- ১২। অফিস কপি/মাস্টার কপি।

সদয় অবগতির জন্য।

মোঃ মনির উদ্দিন মজুমদার
জেনারেল ম্যানেজার